



বই	ডিস্ট্রিক্টের নীতি
বিভাগ	7000 শিক্ষার্থী
শিরোনাম	স্কুল দিবসে ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস ব্যবহার
কোড	7316
স্থিতি	সক্রিয়
গ্রহণ করা হয়েছে	1 জুলাই, 2025

7316 স্কুল দিবসে ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস ব্যবহার

স্কুল দিবসে স্কুল গ্রাউন্ড অর্থাৎ পরিসরে শিক্ষার্থী দ্বারা ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস ব্যবহার নিষেধ করার জন্য এই নীতি প্রস্তুত করার উদ্দেশ্যে ডিস্ট্রিক্ট শিক্ষক, প্রশাসক, মা বাবা এবং শিক্ষার্থী সমেত স্থানীয় ভাগিদারদের সাথে পরামর্শ করেছিল। শিক্ষার্থীরা যাতে স্কুলে সারা দিন পড়াশোনা এবং পড়াশোনা ছাড়া অন্যান্য পিরিয়ডে যেমন হোমরুম, লাঞ্চ, রিসেস, স্টাডি হল ও টাইম পাস করার সময় তাদের শিক্ষা সংক্রান্ত দায়িত্বে মনোনিবেশ বজায় রাখতে পারে তা নিশ্চিত করা এই নীতির উদ্দেশ্য।

এই নীতির ক্ষেত্রে নিম্নোক্ত সংজ্ঞা প্রযোজ্য:

- "ইন্টারনেট এনাবল্ড ডিভাইস" মানে এবং তাতে রয়েছে যে কোনও স্মার্টফোন, ট্যাবলেট, স্মার্টওয়াচ বা অন্য ডিভাইস যা ইন্টারনেটের সাথে যুক্ত করা যায় এবং যার মাধ্যমে ব্যবহারকারী সোশাল মিডিয়া অ্যাপ্লিকেশন সমেত ইন্টারনেটের কন্টেন্ট অ্যাক্সেস করতে পারে;
"ইন্টারনেট-এনাবল্ড ডিভাইসে" এইগুলি অন্তর্ভুক্ত না:
 - সেলুলার ফোন বা সংযোগের অন্যান্য ডিভাইসের মত ইন্টারনেট-এনাবল্ড-বিহীন ডিভাইস যা ইন্টারনেটের সাথে যুক্ত করা যায় না বা যা দিয়ে ব্যবহারকারী ইন্টারনেটের কন্টেন্ট অ্যাক্সেস করতে পারে না; বা
 - ডিস্ট্রিক্ট, চার্টার স্কুল বা বোর্ড অফ কোঅপারেটিভ এডুকেশনাল সার্ভিসের (BOCES) দ্বারা সরবরাহ করা ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস যা শিক্ষাদানের উদ্দেশ্যে ব্যবহার করা হয়।
- হেডফোন, হেডসেট ও ইয়ারব্যাডও এই নীতির অন্তর্ভুক্ত কারণ, সাধারণত, এইগুলি যে ডিভাইসের সাথে যুক্ত করতে হয় সেইগুলি ইন্টারনেটের মাধ্যমে যুক্ত থাকে।
- "স্কুল দিবস" মানে এডুকেশন ল (শিক্ষা আইন) ধারা 3604-এর উপধারা 7 অনুসারে পড়াশোনা শেখানোর প্রতিটি দিন, সারা দিন বোঝায়, তাতে হোমরুম পিরিয়ড, লাঞ্চ, রিসেস অর্থাৎ বিরতি, স্টাডি হল, ও টাইম পাস সহ পড়াশোনা শেখানো ও পড়াশোনা ব্যতীত অন্যান্য বিষয় শেখানোর সময় অন্তর্ভুক্ত তবে তাতেই সীমিত না।
- "স্কুল গ্রাউন্ড" মানে ডিস্ট্রিক্ট এলিমেন্টারি, ইন্টারমিডিয়েট, জুনিয়ার হাই, ভোকেশনাল বা হাই স্কুল, চার্টার স্কুল, বা BOCES ব্যবস্থার ভূসম্পত্তির পরিসীমামধ্যে যে কোনও বিল্ডিং, কার্ণামো, অ্যাথলেটিক খেলার মাঠ, খেলার মাঠ, বা ভূখন্ডের ভিতরকার বা মধ্যকার জায়গা বোঝায়।

স্কুল গ্রাউন্ডের যে কোনও জায়গায় স্কুল দিবসে সাধারণত শিক্ষার্থীদের ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস ব্যবহার নিষেধ করা হয়।

তবে, স্কুল গ্রাউন্ডে স্কুল দিবসে শিক্ষার্থী ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস ব্যবহারের অনুমতি পেতে পারে:

- যদি পড়াশোনা সংক্রান্ত বিশেষ উদ্দেশ্যে শিক্ষক, প্রিন্সিপাল বা ডিস্ট্রিক্টের অনুমতি পায়;
- যেখানে শিক্ষার্থীর স্বাস্থ্য সেবার ব্যবস্থাপনা করার জন্য প্রয়োজন হয়;
- বিল্ডিং প্রশাসকের নির্দেশে জরুরী অবস্থা দেখা দিলে;

- d) অনুবাদ পরিষেবার জন্য;
- e) কেসবিশেষে শুধুমাত্র স্কুলের সাইকোলজিস্ট, স্কুলের সোশাল ওয়ার্কার, স্কুল কাউন্সেলার দ্বারা পর্যালোচনা এবং স্থির করার পর, পরিবারের সদস্যের রুটিনমত যত্ন এবং সুস্থতার দায়িত্বপ্রাপ্ত শিক্ষার্থীর পরিচর্যাকারী অর্থাৎ কেয়ারগিভারের জন্য; বা
- f) আইনত যেখানে প্রয়োজন।

শিক্ষার্থীকে ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস ব্যবহার করার অনুমতি দিতে হবে যদি সেই ব্যবহার এর অংশ হয়:

- a) ইন্ডিভিজুয়লাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP); বা
- b) সেক্সন 504 প্ল্যান।

সাইটে সেল ফোন সমেত ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস জমা করে রাখা

স্কুল দিবসে শিক্ষার্থীকে অবশ্যই তার ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস সাইটে নির্দিষ্ট জমা রাখার জায়গায় রেখে দিতে হবে। এই সাইটে জমা রাখার জায়গায় শিক্ষার্থীর লকার, শিক্ষকের দ্বারা নির্ধারিত জমা রাখার ব্যবস্থা (এলিমেন্টারি) বা স্কুলের প্রধান অফিসে সুরক্ষিত উপায়ে জমা করে রাখার জায়গা থাকতে পারে তবে এতেই সীমিত না। সাইটে নির্ধারিত জমা রাখার জায়গা শিক্ষার্থীর জন্য সহজে অ্যাক্সেসযোগ্য হতে হবে এবং শিক্ষার্থীর ডিভাইস সুরক্ষিত উপায়ে রাখা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা রাখতে হবে। ডিভাইস জমা করে রাখা ও ফেরত নেওয়ার প্রক্রিয়া ডিস্ট্রিক্ট জানিয়ে দেবে, সাইটে প্রদত্ত জমা করে রাখার ব্যবস্থা ব্যবহার করার দায়িত্ব শিক্ষার্থী যাতে বুঝতে পারে তা নিশ্চিত করবে।

মা বাবার জন্য স্কুল দিবসে সন্তানকে যোগাযোগ করার পদ্ধতি

প্রয়োজনমত যোগাযোগের বন্দোবস্ত রাখার জন্য, মা বাবা বা সম্পর্কে মা বাবার মত ব্যক্তি এই নীতি অনুসরণ করে স্কুল চলাকালীন সময়ে তাদের শিক্ষার্থীদের যোগাযোগ করতে নিম্নোক্ত পদ্ধতি ব্যবহার করতে পারেন:

- a) স্কুল অফিসের ফোন: মা বাবা বা সম্পর্কে মা বাবার মত ব্যক্তি স্কুলের প্রধান অফিসে ফোন করতে পারেন, এবং অফিস কর্মী শিক্ষার্থীকে বার্তা জানিয়ে দিতে পারেন অথবা মা বাবা বা সম্পর্কে মা বাবার মত ব্যক্তির সাথে কথা বলার জন্য শিক্ষার্থীকে অফিসে ডাকতে পারেন।
- b) ক্লাসরুমে টেলিফোন ব্যবস্থা: জরুরী অবস্থায়, সরাসরি ক্লাসরুমের শিক্ষককে জানানোর জন্য স্কুলের প্রধান অফিস ক্লাসরুমের টেলিফোন ব্যবহার করতে পারে। শিক্ষার্থীকে প্রধান অফিসে আসতে বলা যায়।
- c) সন্তানের কাছে বার্তা পাঠানোর জন্য মা বাবা বা অভিভাবক WITS মেল ব্যবহার করতে পারেন।
- d) লিখিত নোট: মা বাবা বা সম্পর্কে মা বাবার মত ব্যক্তি স্কুলের প্রধান অফিসে নোট লিখে রেখে যেতে পারেন, যা স্কুলের কর্মচারী শিক্ষার্থীকে দিয়ে দেবে।

স্কুলে ভর্তি হওয়ার সময় এবং প্রত্যেকটা স্কুল বর্ষের শুরুতে, স্কুল চলাকালীন সময়ে শিক্ষার্থীকে যোগাযোগ করার পদ্ধতির বিষয়ে মা বাবা বা সম্পর্কে মা বাবার মত ব্যক্তিকে লিখিত উপায়ে জানিয়ে দেওয়া হবে।

স্কুল দিবসে ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস অ্যাক্সেস করার জন্য শিক্ষার্থীর শাস্তি

এই নীতি অমান্য করে কোনও শিক্ষার্থী যদি ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস অ্যাক্সেস করে তাহলে শুধুমাত্র সেই কারণে ডিস্ট্রিক্ট তাকে সাসপেন্ড করতে পারে না। তবে, যদি কোনও শিক্ষার্থীকে প্রাপ্তবয়স্ক কেউ ডিভাইস জমা করে দিতে বলেন এবং শিক্ষার্থী রাজি না হয় তাহলে অবাধ্যতার জন্য তাকে সাসপেন্ড করা যায়।

নীতি টাঙিয়ে রাখা এবং অনুবাদ করা

ডিস্ট্রিক্ট তাদের ওয়েবসাইটে স্পষ্ট চোখে পড়ার মত ও অ্যাক্সেসযোগ্য স্থানে এই নীতি পোস্ট করে রাখবে। শিক্ষার্থী বা সম্পর্কে মা বাবার মত ব্যক্তি যদি অনুরোধ করে, ডিস্ট্রিক্টের ইংরেজিতে-সীমিত দক্ষতাসহ ব্যক্তিদের জন্য ইংরেজি ব্যতীত সাধারণত যে 12 টি ভাষা সবচেয়ে বেশি বলা হয় সেসব ভাষায় এই নীতির অনুবাদ দেওয়া হবে।

রিপোর্ট করা এবং প্রশমনের কর্ম পরিকল্পনা

1 সেপ্টেম্বর 2026 থেকে, এবং তারপর প্রতি বছর, ডিস্ট্রিক্ট তাদের ওয়েবসাইটে বার্ষিক রিপোর্ট প্রকাশিত করবে যাতে বিগত স্কুল বর্ষে ডিস্ট্রিক্ট ব্যাপী এই নীতি কার্যত বলবৎ করার বিবরণ জানানো হবে। নীতি অমান্য করার কারণে যেসব শিক্ষার্থীকে শাস্তি দেওয়া হয়েছে তাদের পরিচয়-বিশীন জনতাত্ত্বিক ডেটা এবং এই নীতি কার্যত বলবৎ করতে গিয়ে জনতাত্ত্বিক বৈষম্য দেখা গেলে তার বিশ্লেষণ এই রিপোর্টে জানানো হবে। যদি কার্যত প্রয়োগের প্রভাবে লক্ষণীয় পরিসংখ্যানভিত্তিক বৈষম্য দেখা যায়, তাহলে রিপোর্টে প্রশমন পরিকল্পনা থাকবে।